

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date:20-10-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

**PM-Ayushman Bharat Health Infrastructure Mission
:**

আগরতলার জিবি হাসপাতালে মা ও শিশুর অত্যাধুনিক চিকিৎসার জন্য ৩০০ শয্যা বিশিষ্ট একটি সুপার স্পেশালিটি ব্লক গড়ে তোলা হবে। এর জন্য কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে PM ABHIM প্রকল্পে ২০২ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। জিবি হাসপাতালের সুপার ডক্টর শংকর চক্রবর্তী গতকাল আকাশবাণীর প্রতিনিধিকে জানান, এর জন্য নতুন ভবন নির্মাণের কাজ শীঘ্রই শুরু হবে।

MSSSK :

সিপাহীজলা জেলায় আগামীকাল থেকে মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব, সুস্থ কৈশোর অভিযানের সপ্তম পর্ব শুরু হবে। অভিযান চলবে আগামী ২৮শে অক্টোবর পর্যন্ত। এই অভিযানে জেলার প্রতিটি স্বাস্থ্য কেন্দ্র, শিক্ষা প্রতিষ্ঠান এবং বাড়ি বাড়ি গিয়ে স্বাস্থ্যকর্মীরা স্বাস্থ্য বিষয়ক সচেতনতা বাড়ানোর জন্য পরামর্শ দেবেন। বিনামূল্যে ঔষধপত্রও বিতরণ করা হবে। সদ্যোজাত থেকে ১৯ বছর বয়সীরা এই অভিযানের আওতায় আসবে। এই অভিযান সফল করার জন্য সবাইকে এগিয়ে আসতে সিপাহীজলা জেলার জেলাশাসক আহ্বান জানিয়েছেন।

NF RailWay. Special Train :

এন এফ রেলওয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, যাত্রী ভিড় সামলাতে আগামী ২৩শে অক্টোবর আগরতলা- শিয়ালদহ-র মধ্যে

একটি বিশেষ ট্রেন চলবে। ০৫৬৫৮ নম্বরের ২১ বগির এই বিশেষ ট্রেন আগামী ২৩শে অক্টোবর বুধবার সন্ধ্যা ৭টায় আগরতলা থেকে ছাড়বে এবং শুক্রবার সকাল ৮টা ৪০ মিনিটে শিয়ালদহ পৌঁছুবে। যাত্রা পথে আমবাসা, ধর্মনগর, নিউ হাফলং, লামডিং, গুয়াহাটি, নিউ জলপাইগুড়ি, কিশানগঞ্জ, মালদা টাউন, নিউ ফরাক্কা, রামপুরহাট, সাঁইথিয়া, বোলপুর, বর্ধমান, দক্ষিণেশ্বর সহ ২৯টি স্টেশনে থামবে।

Rail Excident :

গত ১৭ই অক্টোবর আগরতলা মুন্সাই গামী লোকমাল্য তিলক এক্সপ্রেসটি হাফলং ডিভিশনের দিমালং স্টেশনের কাছে লাইনচ্যুত হয়ে দুর্ঘটনার ব্যাপারে রেলের উত্তর-পূর্ব ফ্রন্টিয়ারের উচ্চপদস্থ আধিকারিকরা তদন্তে নেমেছেন। উত্তর-পূর্ব ফ্রন্টিয়ার রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা জানান লামডিং ডিভিশনের ডি আর এম প্রেম কুমার রঞ্জন এবং মালিগাঁও সদর কার্যালয়ের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব সহ পদস্থ টেকনিক্যাল আধিকারিকরা ঘটনাস্থলে অবস্থান করে ঘটনার তদন্ত করছেন।

Review Meeting :

দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের দপ্তরে বিলোনিয়া মহকুমার স্বাস্থ্য পরিষেবার আরও উন্নতির লক্ষ্যে গতকাল এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বিলোনিয়া মহকুমা হাসপাতাল, ২টি সামাজিক স্বাস্থ্য কেন্দ্র, ৯টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও ৪৮টি উপ স্বাস্থ্যকেন্দ্রের ভারপ্রাপ্ত চিকিৎসক ও কমিউনিটি হেলথ অফিসাররা উপস্থিত ছিলেন। সভায় স্বাস্থ্য প্রতিষ্ঠানগুলিতে স্বাস্থ্য পরিষেবা প্রদান করার ক্ষেত্রে যে সমস্যাগুলি রয়েছে তা তুলে ধরেন দায়িত্বপ্রাপ্ত চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীরা।

দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: সুব্রত দাস সহ জেলাস্তরের আধিকারিকরা ও বিলোনিয়ার মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডা: বিমল কলই প্রমুখ স্বাস্থ্য পরিষেবার উন্নতিকল্পে নানান পরামর্শ দেন।

Jal Jeevan Mission :

খোয়াই আর ডি ব্লকের অন্তর্গত মধ্যগনকী গ্রাম পঞ্চায়েতে জল জীবন মিশন প্রকল্পে এক লক্ষ টাকা ব্যয়ে একটি ডিপ টিউবওয়েল বসানো হয়েছে। আগামী কিছুদিনের মধ্যেই এই প্রকল্পটি চালু হতে যাচ্ছে। খোয়াই ব্লকের এস-সি সাব কমিটির চেয়ারম্যান সমীর কুমার দাস জানিয়েছেন এই প্রকল্পটি চালু হলে মধ্যগনকী গ্রামের প্রায় পাঁচ শতাধিক পরিবার উপকৃত হবেন।

PM, Varanasi :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বারাণসী সফরে যাচ্ছেন। সফরকালে তিনি আরজে শঙ্করা চক্ষু হাসপাতালের উদ্বোধন করবেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ভাষণ দেবেন। প্রধানমন্ত্রী লাল বাহাদুর শাস্ত্রী আন্তর্জাতিক বিমানবন্দরে প্রায় ২ হাজার ৮৭০ কোটি টাকা ব্যয়ে রানওয়ে সম্প্রসারণ এবং একটি নতুন টার্মিনাল ভবন নির্মাণ ও সংশ্লিষ্ট কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। তিনি আগ্রা, দারভাঙ্গা ও বাগডোগরা বিমানবন্দরের বিভিন্ন কাজের ভার্চুয়ালভাবে ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। তিনি খেলো ইন্ডিয়া স্কিম এবং স্মার্ট সিটি মিশনের অধীনে ২১০কোটি টাকারও বেশি মূল্যের বারাণসী স্পোর্টস কমপ্লেক্সের পুনর্নির্মাণের দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের উদ্বোধন করবেন। আরও বেশকিছু উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপনের পাশাপাশি তিনি সারনাথে বৌদ্ধধর্ম-সম্পর্কিত এলাকায় পর্যটন উন্নয়ন কাজের উদ্বোধন করবেন।

Administrative Camp :

জম্পুইজলা মহকুমা প্রশাসনের উদ্যোগে অক্টোবর মাসে তিনটি স্থানে বিশেষ প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হবে। এই বিশেষ শিবির আগামী ২২শে অক্টোবর গাবর্দি বাজার কমিউনিটি হলে, ২৩শে অক্টোবর সাউথ টাকারজলা দ্বাদশমান বিদ্যালয় প্রাঙ্গণে এবং ২৪শে অক্টোবর জম্পুইজলা দ্বাদশমান বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। প্রতিদিন সকাল ১১টা থেকে এই বিশেষ শিবির শুরু হবে। শিবিরে এসটি, এসসি, ওবিসি সার্টিফিকেট, ইনকাম সার্টিফিকেট, পারিবারিক রেশন কার্ডে নাম নথিভুক্ত ও আপডেট, আধার কার্ড ভেরিফিকেশন ও কনফারমেশন করা হবে। এছাড়া সিএসসির কর্মীগণ শিবিরে উপস্থিত থেকে ছাত্রছাত্রীদের অনলাইনে এনএসপিআর আবেদন করতে সাহায্য করবেন।

Naidu Trophy :

কর্ণেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটে ত্রিপুরা ও কর্ণাটক পরস্পরের মুখোমুখি হবে। নরসিংগড়ের পিটিএ মাঠে চারদিনের ম্যাচটি আজ থেকে শুরু হবে।

Women T-20 :

সিনিয়র মহিলাদের জাতীয় টি-২০ ক্রিকেটের লড়াইয়ে তৃতীয় ম্যাচে আজ ত্রিপুরা খেলবে কেরালার বিরুদ্ধে। লক্ষ্মণৌতে গ্রুপের এই ম্যাচটি হবে।

Weather :

আজ আকাশ সাধারণত মেঘলা থাকবে। আজ দিনের তাপমাত্রা থাকবে সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে

২৪ ডিগ্রি সেলসিয়াস। গতকালের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২
ডিগ্রি সেলসিয়াস।
